



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৬.১৭- ৬৮৮

তারিখঃ ২০/০৯/২০১৭ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাব্যাহিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের নড়াইল সদর উপজেলার হিসাব সহকারী জনাব এম এ বারি (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, নড়াইলে সংযুক্ত) নড়াইল সদর উপজেলায় কর্মকালীন সময়ে তার নিজ নামে ইস্যুকৃত ৩৪ টি চেক জালিয়াতির মাধ্যমে ২৩,১২,৭০০.০০ টাকা, ১২ জন সুফলভোগী সদস্যের নামে ইস্যুকৃত চেক জালিয়াতির মাধ্যমে ১১,২০,০০০.০০ টাকা এবং প্রকল্পে কর্মরত ০১ জন মাঠ সংগঠক ও ০৩ জন এআরডিও'র নামে ইস্যুকৃত চেক জালিয়াতির মাধ্যমে ৫,০০,০০০.০০ টাকাসহ মোট ৫১ টি চেক জালিয়াতির মাধ্যমে মোট ৩৯,৩২,৭০০.০০ (উনচল্লিশ লক্ষ বত্রিশ হাজার সাতশত) টাকা এবং সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত অর্থ মাঠ সংগঠকগণের নিকট হতে গ্রহণকরে সংশ্লিষ্ট ব্যাংকে জমা না দিয়ে মোট ৯,৫১,৯১২.০০ (নয় লক্ষ একাত্তর হাজার নয়শত বার) টাকাসহ সর্বমোট (৩৯৩২৭০০+৯৫১৯১২) = ৪৮,৮৪,৬১২.০০ (আটচল্লিশ লক্ষ চুরাশি হাজার ছয়শত বার) টাকা আত্মসাৎ করার কারণে তাকে প্রকল্প সদর দপ্তরের স্মারক নং ৫৩৮ তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ মূলে কারন দর্শানো হয়। কিন্তু তিনি জবাব দাখিল না করায় পরবর্তীতে স্মারক নং ৫৯৪ তারিখঃ ২৭/০৮/২০১৭ খ্রিঃ মূলে চূড়ান্ত কারন দর্শানো হয়। তদুপরি কোন জবাব দাখিল না করাসহ অদ্যাবধি সংযুক্ত কর্মস্থলে যোগদান না করায় বর্ণিত ৪৮,৮৪,৬১২.০০ (আটচল্লিশ লক্ষ চুরাশি হাজার ছয়শত বার) টাকা হিসাব সহকারী জনাব এম এ বারি আত্মসাৎ করেছেন মর্মে সুস্পষ্টভাবে প্রতিয়মান হয়েছে। তাই চেক জালিয়াতি ও সরকারী অর্থ আত্মসাৎের কারণে কর্তৃপক্ষের নির্দেশক্রমে তাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হলো।

উল্লেখ্য সরকারী অর্থ আদায়ের সার্থে বর্ণিত চেক জালিয়াতি ও অর্থ আত্মসাৎের কারণে হিসাব সহকারী জনাব এম এ বারির বিরুদ্ধে দূর্নীতি দমন আইনে দায়েরকৃত মামলার কার্যক্রম অব্যাহত থাকবে।



প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৬.১৭-

তারিখঃ ২০/০৯/২০১৭ খ্রিস্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব এম এ বারি, হিসাব সহকারী, ইরেসপো, (সাময়িক বরখাস্তকৃত) উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, নড়াইলে সংযুক্ত।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নড়াইল সদর, জেলাঃ নড়াইল।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, নড়াইল।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।


মোঃ হাবিবুর রহমান হাবিব
সহকারি পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।